# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি

## Governance Performance Monitoring System

## (GPMS)

অর্থ বছর: ২০২৬-২০২৭ইং

# সিলেট সিটি কর্পোরেশন

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং- |
|---|---|---|
| ১ | সেকশন-১: ভিশন, মিশন এবং তিন (৩) বছর মেয়াদী পরিকল্পনা | ১-২ |
| ২ | সেকশন-২: বিবেচ্য অর্থ বছরের কর্মসম্পাদন পরিকল্পনা | ৩-৪ |
| ৩ | সেকশন-৩: সিলেট সিটি কর্পোরেশনের কৌশলগত বিষয়সমূহ সংক্রান্ত প্রতিবেদন | ৫-৬ |
| ৪ | সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ৭ |
| ৫ | সংযোজনী ২: বিস্তারিত আবর্তক পরিকল্পনা | ৮-১০ |
| ৬ | সংযোজনী ৩: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১১-১২ |
| ৭ | সংযোজনী ৪: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ | ১৩ |

# সেকশন-১

ভিশন, মিশন এবং তিন (৩) বছর মেয়াদী পরিকল্পনা

১.১ ভিশন: নাগরিক সেবা প্রদানের মাধ্যমে আধুনিক বাসযোগ্য নগরী গড়ে তোলা।

১.২ মিশন: নগরের অবকাঠামো উন্নয়ন ও জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন এবং সঠিক ও সহজে সেবা প্রদানের মাধ্যমে স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ।

১.৩ তিন (৩) বছর মেয়াদী পরিকল্পনা:

**সিলেট সিটি কর্পোরেশনের তিন (৩) বছর মেয়াদী পরিকল্পনা ছক**

| ক্রমিক নং | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ০১ | প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি এবং কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদান | ৪০ জন | ৫০ জন | ৬০ জন |
| ০২ | নাগরিক সেবা প্রদান | নগর এলাকায় নতুন পানির সংযোগ বৃদ্ধি ৫০০টি | নগর এলাকায় নতুন পানির সংযোগ বৃদ্ধি ৬০০ টি | নগর এলাকায় নতুন পানির সংযোগ বৃদ্ধি ৭০০ টি |
| ০৩ | জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিতকরণ | জন্মের ০১(এক) বছরের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন ৫০% মৃত্যু নিবন্ধন ৪০% | জন্মের ০১(এক) বছরের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন ৫৫% মৃত্যু নিবন্ধন ৪৫% | জন্মের ০১(এক) বছরের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন ৬০% মৃত্যু নিবন্ধন ৫০% |
| ০৪ | সেবা সহজীকরণ | অনলাইনে হোল্ডিং ট্যাক্স এর আবেদন প্রক্রিয়া সম্পন্ন করন | অনলাইনে হোল্ডিং ট্যাক্স এর বিল প্রদান | যাবতীয় হোল্ডিং ট্যাক্স কার্যক্রম অনলাইনে প্রদান |
| ০৫ | নগর এলাকায় দৈনিক বর্জ্য সংগ্রহ | ৩০০ মেট্রিক টন বর্জ্য সংগ্রহ | ৩১০ মেট্রিক টন বর্জ্য সংগ্রহ | ৩২০ মেট্রিক টন বর্জ্য সংগ্রহ |
| ০৬ | প্রাথমিক স্বাস্থ্য সেবা সহজীকরণ | ১২০০০ জন | ১৩০০০ জন | ১৫০০০ জন |
| ০৭ | সিলেট সিটি কর্পোরেশনের অঞ্চলসমূহকে ৫টি জোনে বিভক্ত করার প্রজ্ঞাপন জারির কাজ বাস্তবায়ন | জোন বিভক্তির প্রশাসনিক প্রজ্ঞাপন ও গেজেট সম্পন্নকরণ | জোনাল অফিসের অবকাঠামো স্থান নির্ধারণ এবং জনবল কাঠামো বিন্যাস ও পদায়ন | জোনাল অফিস থেকে নাগরিক সেবা প্রদান ও কার্যক্রম শুরু |
| ০৮ | পানির গুণগত মান পরিবীক্ষণ | ৩০টি | ৪০টি | ৫০টি |
| ০৯ | মহানগরীতে ভিটামিন-এ প্লাস টীকা প্রদানের সংখ্যা | ৬০০০০টি | ৭০০০০টি | ৮০০০০টি |
| ১০ | জনগণের অভিযোগ গ্রহণ ও দ্রুততম সময়ে প্রতিকার | ১০০% | ১০০% | ১০০% |

## সিলেট সিটি কর্পোরেশনের তিন (৩) বছর মেয়াদী পরিকল্পনা ছক

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | যান্ত্রিক শাখার মাধ্যমে ভারী যানবাহন ভাড়া প্রদান করে রাজস্ব আদায় বৃদ্ধিকরণ | ১৫ লক্ষ | ১৮ লক্ষ | ২০ লক্ষ |
| ১২ | নিজস্ব সার্ভারে সিলেট সিটি কর্পোরেশনের যাবতীয় অনলাইন কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ | ৭০% | ১০০% | ১০০% |
| ১৩ | নগর এলাকায় পাঁকা সড়ক নির্মাণ এবং উন্নয়ন | ১০ কি. মি. | ২০ কি. মি. | ২৫ কি. মি. |
| ১৪ | নগর এলাকায় সড়ক রক্ষণাবেক্ষণ | ২০ কি. মি. | ২৫ কি. মি. | ৩০ কি. মি. |
| ১৫ | সড়কে ব্রিজ কালভার্ট নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ | ৪টি | ৬টি | ৮টি |
| ১৬ | নগর এলাকায় ড্রেন নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ | ১৫ কি. মি. | ২০ কি. মি. | ২৫ কি. মি. |
| ১৭ | কবরস্থান/শশ্মানঘাট ব্যবস্থাপনা সংস্কার এবং রক্ষণাবেক্ষণ | ২টি | ২টি | ৩টি |
| ১৮ | সড়কবাতি স্থাপন | ৫০০টি | ১০০০টি | ১৫০০টি |
| ১৯ | সড়কবাতি রক্ষণাবেক্ষণ | ১০০০০টি | ১২০০০টি | ১৫০০০টি |
| ২০ | গভীর নলকূপ স্থাপন | ১টি | ২টি | ২টি |
| ২১ | পানি সরবরাহের জন্য পাইপ লাইন স্থাপন | ৩০ কি.মি. | ৩০ কি.মি. | ৪০ কি.মি |
| ২২ | মশক নিধন কার্যক্রম | ২৪০ কর্ম দিবস | ২৫০ কর্ম দিবস | ২৫০ কর্ম দিবস |
| ২৩ | অবৈধ স্থাপনার বিরুদ্ধে উচ্ছেদ অভিযান পরিচালনা | ১৫টি | ২০টি | ২৪টি |
| ২৪ | বস্তি এলাকায় হত দরিদ্র শিশুদের বিনামূল্যে শিক্ষা সামগ্রী বিতরণ ও পাঠদান কার্যক্রম পরিচালনা নিশ্চিতকরণ | ১৫০ জন | ১৮০ জন | ২০০ জন |
| ২৫ | বস্তি এলাকায় আদর্শ স্যানেটারী ল্যাট্রিন স্থাপন | ১০টি | ১৫টি | ২০টি |
| ২৬ | অনলাইন ভিত্তিক ট্রেড লাইসেন্স প্রদান | ২৫০০০টি | ২৮০০০টি | ৩০০০০টি |

# সেকশন – ২

## (২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা)

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মন্ত্রণালয়ের পরিকল্পনার ক্রমিক | কার্যক্রম/ ফলাফল নির্দেশক | পরিমাপের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১) সেবা প্রদান (Service Delivery) [মান ২৬] | ১ | প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি (১০ জন) এবং কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদান (৩০ জন) | সংখ্যা | ৩ | | ৪০ জন |
| | ২ | নগর এলাকায় নতুন পানির সংযোগ বৃদ্ধি | সংখ্যা | ২ | | ৫০০টি |
| | ৩ | ৩.১ জন্মের এক বছরের মধ্যে শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিতকরণ | শতকরা | ৩ | | ৫০% |
| | | ৩.২ মৃত্যু নিবন্ধন | শতকরা | ২ | | ৪০% |
| | ৪ | অনলাইনে হোল্ডিং ট্যাক্স এর আবেদন প্রক্রিয়া সম্পন্ন বাস্তবায়নের মাধ্যমে সেবা সহজিকরণ | সংখ্যা | ২ | | ১ টি |
| | ৫ | নগর এলাকায় দৈনিক বর্জ্য সংগ্রহ | মেট্রিক টন | ৩ | | ৩০০ মে.ট |
| | ৬ | প্রাথমিক স্বাস্থ্য সেবা সহজীকরণ | সংখ্যা | ২ | | ১২০০০ জন |
| | ৭ | মহানগরীতে ভিটামিন-এ প্লাস টীকা প্রদানের সংখ্যা | সংখ্যা | ৩ | | ৬০০০০টি |
| | ৮ | মশক নিধন কার্যক্রম | দিন | ৩ | | ২৪০ কর্ম দিবস |
| | ৯ | পানি সরবরাহের জন্য পাইপ লাইন স্থাপন | কি.মি | ৩ | | ৩০ কি.মি |
| ২)নীতি ও সংস্কার কার্যক্রম (policy and Reform Activity) [মান ১৩] | ১০ | সিলেট সিটি কর্পোরেশনের অঞ্চলসমূহকে ৫টি জোনে বিভক্ত করার প্রজ্ঞাপন বাস্তবায়ন | সংখ্যা | ৪ | | ১-জোন বিভক্তির প্রশাসনিক প্রজ্ঞাপন ও গেজেট সম্পন্নকরণ |
| | ১১ | পানির গুণগত মান পরিবীক্ষণ | সংখ্যা | ৩ | | ৩০টি |
| | ১২ | জনগণের অভিযোগ গ্রহণ ও দ্রুততম সময়ে প্রতিকার | শতকরা | ৩ | | ১০০% |
| | ১৩ | অবৈধ স্থাপনার বিরুদ্ধে উচ্ছেদ অভিযান পরিচালনা | সংখ্যা | ৩ | | ১৫টি |

## সেকশন – ২
## (২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা)

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩) প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা (Instituional Capacity and Efficency) [মান ১১] | ১৪ | যান্ত্রিক শাখার মাধ্যমে ভারী যানবাহন ভাড়া প্রদান করে রাজস্ব আদায় বৃদ্ধিকরণ | সংখ্যা | ৪ | | ১৫ লক্ষ |
| | ১৫ | নিজস্ব সার্ভারে সিলেট সিটি কর্পোরেশনের যাবতীয় অনলাইন কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ | শতকরা | ৩ | | ৭০% |
| | ১৬ | অনলাইন ভিত্তিক ট্রেড লাইসেন্স প্রদান | সংখ্যা | ৪ | | ২৫০০০টি |
| ৪) উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম (Development Related and other Activities) [মান ৩০] | ১৭ | নগর এলাকায় পাঁকা সড়ক নির্মাণ এবং উন্নয়ন | কি.মি | ৩ | | ১০ কি. মি. |
| | ১৮ | নগর এলাকায় সড়ক রক্ষণাবেক্ষণ | কি.মি | ৩ | | ২০ কি. মি. |
| | ১৯ | সড়কে ব্রিজ কালভার্ট নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ | সংখ্যা | ৩ | | ৪টি |
| | ২০ | নগর এলাকায় ড্রেন নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ | সংখ্যা | ৩ | | ১৫ কি. মি. |
| | ২১ | কবরস্থান/শশ্মানঘাট ব্যবস্থাপনা সংস্কার এবং রক্ষণাবেক্ষণ | সংখ্যা | ৩ | | ২টি |
| | ২২ | সড়কবাতি স্থাপন | সংখ্যা | ২ | | ৫০০টি |
| | ২৩ | সড়কবাতি রক্ষণাবেক্ষণ | সংখ্যা | ৪ | | ১০০০০টি |
| | ২৪ | গভীর নলকূপ স্থাপন | সংখ্যা | ৩ | | ১টি |
| | ২৫ | বস্তি এলাকায় হত দরিদ্র শিশুদের বিনামূল্যে শিক্ষা সামগ্রী বিতরণ ও পাঠদান কার্যক্রম পরিচালনা নিশ্চিতকরণ | সংখ্যা | ৩ | | ১৫০ জন |
| | ২৬ | বস্তি এলাকায় আদর্শ স্যানেটারী ল্যাট্রিন স্থাপন | সংখ্যা | ৩ | | ১০টি |

# সেকশন – ৩

## সিলেট সিটি কর্পোরেশনের কৌশলগত বিষয়-সংক্রান্ত প্রতিবেদন

### নির্বাহী সারসংক্ষেপ (Executive Summary)

সিলেট সিটি কর্পোরেশন নাগরিক সেবা প্রদান, নগর অবকাঠামো উন্নয়ন ও পরিবেশ ব্যবস্থাপনায় ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে। এই কৌশলগত প্রতিবেদনে বিবেচ্য অর্থবছরে কর্পোরেশনের গৃহীত পদক্ষেপ, অর্জন, সেবার মানোন্নয়ন এবং বিদ্যমান চ্যালেঞ্জ ও সীমাবদ্ধতা বিশ্লেষণপূর্বক উপস্থাপন করা হয়েছে। প্রতিটি নাগরিকের জন্য নিরাপদ সুপেয় পানি, আধুনিক বর্জ্য ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থাপনা, যানজটমুক্ত পরিকল্পিত নগরায়ণ এবং তথ্য-প্রযুক্তি নির্ভর স্বচ্ছ ও জবাবদিহিমূলক সেবা ব্যবস্থা প্রতিষ্ঠা করা কর্পোরেশনের কৌশলগত অগ্রাধিকার। সরকারের সার্বিক ভিশন এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন লক্ষ্যের সঙ্গে সংগতিপূর্ণ।

### ভূমিকা

এই প্রতিবেদনের উদ্দেশ্য বিবেচ্য অর্থবছরে সিলেট সিটি কর্পোরেশনের কৌশলগত কার্যক্রম, অর্জন ও গুণগত প্রভাব তুলে ধরা। স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে কর্পোরেশনের মূল দায়িত্ব নগরবাসীর জন্য পানি সরবরাহ, সড়ক ও ড্রেনেজ অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, বর্জ্য ব্যবস্থাপনা, জন্ম-মৃত্যু নিবন্ধন এবং হোল্ডিং কর নির্ধারণ ও আদায়সহ বিভিন্ন নাগরিক সেবা প্রদান। কর্পোরেশনের কার্যক্রম জাতীয় উন্নয়ন নীতি, স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণের লক্ষ্য এবং টেকসই উন্নয়ন অভীষ্টের (SDGs) সঙ্গে সংগতিপূর্ণভাবে পরিচালিত হয়।

### প্রেক্ষাপট বিশ্লেষণ

দ্রুত নগরায়ণ ও ক্রমবর্ধমান জনসংখ্যার চাপে নাগরিক সেবার চাহিদা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। নিরাপদ পানি সরবরাহ, জলাবদ্ধতা নিরসন, বর্জ্য ব্যবস্থাপনা ও সড়ক অবকাঠামো রক্ষণাবেক্ষণ বর্তমানে কর্পোরেশনের প্রধান কর্মক্ষেত্র। আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী টেকসই নগর ব্যবস্থাপনা, নিরাপদ পানি ও স্যানিটেশন এবং সুশাসন সূচকে অগ্রগতির ক্ষেত্রে বাংলাদেশ ধারাবাহিকভাবে উন্নতির পথে রয়েছে; এই প্রেক্ষাপটে স্থানীয় পর্যায়ে কর্পোরেশনের ভূমিকা গুরুত্বপূর্ণ।

### গৃহীত পদক্ষেপ

নগর এলাকায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য রাস্তা, ব্রিজ-কালভার্ট, ড্রেন ও ফুটপাত নির্মাণ এবং রক্ষণাবেক্ষণের পাশাপাশি এগুলোর গুণগত মান উন্নয়নে অধিক গুরুত্ব দেওয়া হচ্ছে। কাঁচা রাস্তার পরিবর্তে আরসিসি ও সিসি সড়ক নির্মাণসহ যানজট নিরসনের লক্ষ্যে অধিকসংখ্যক রাস্তা প্রশস্তকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সুপেয় পানি সরবরাহ, জলাবদ্ধতা নিরসন ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন কভারেজ বৃদ্ধির পাশাপাশি ড্রেনেজ সিস্টেম ও বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। নাগরিক সেবা সহজীকরণে অনলাইনভিত্তিক হোল্ডিং ট্যাক্স ব্যবস্থাপনা ও ট্রেড লাইসেন্স প্রদানসহ তথ্যপ্রযুক্তিনির্ভর সেবা প্রবর্তনের উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া রোড ডিভাইডারে বৃক্ষরোপণ ও সৌন্দর্যবর্ধনের কাজ অব্যাহত রয়েছে।

### অর্জনসমূহ

কর্পোরেশন নাগরিক সেবা সহজীকরণ ও ডিজিটালকরণের ক্ষেত্রে অগ্রগতি অর্জন করেছে। সড়ক, ড্রেন ও ফুটপাত নির্মাণ ও সংস্কারের মাধ্যমে নগর অবকাঠামোর উন্নয়ন, বর্জ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ, জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্প্রসারণ এবং অনলাইন সেবার প্রবর্তন প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য অর্জন। গুণগত দিক থেকে এসব উদ্যোগ প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি করেছে এবং সেবাপ্রাপ্তি সহজতর করেছে। সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে কাঙ্খিত সূচকগুলো বাস্তবায়নে সিলেট সিটি কর্পোরেশন বদ্ধপরিকর।

ফলাফল বিশ্লেষণ

গৃহীত কার্যক্রমের ফলে নাগরিক সেবার মান ও সেবাপ্রাপ্তির সহজলভ্যতা বৃদ্ধি পেয়েছে। অনলাইন সেবা প্রবর্তনের মাধ্যমে সেবাগ্রহীতার সময় ও ব্যয় হ্রাস পেয়েছে এবং প্রক্রিয়াগত স্বচ্ছতা নিশ্চিত হয়েছে। অবকাঠামো উন্নয়ন ও বর্জ্য ব্যবস্থাপনা জোরদারকরণের ফলে নগরের সার্বিক বাসযোগ্যতা ও জনস্বাস্থ্য পরিস্থিতির উন্নতি ঘটেছে, যা টেকসই নগর উন্নয়ন সূচকে ইতিবাচক অবদান রাখছে।

চ্যালেঞ্জ ও সীমাবদ্ধতা

সিলেট সিটি কর্পোরেশনের প্রধান চ্যালেঞ্জগুলোর মধ্যে রয়েছে নিজস্ব আয় ও সম্পদ বৃদ্ধি, নগর অবকাঠামো রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় অর্থায়ন, ক্রমবর্ধমান নগর জনগোষ্ঠীকে প্রয়োজনীয় সেবা প্রদান এবং আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন। এর পাশাপাশি সকল কার্যক্রমে তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, যানজট দূরীকরণ, জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন, পার্কিং সংকট নিরসন এবং খেলার মাঠ নির্মাণও উল্লেখযোগ্য চ্যালেঞ্জ। কাঠামোগত সীমাবদ্ধতা হিসেবে নবগঠিত ওয়ার্ডগুলোতে সচেতনতার অভাব এবং বৈশ্বিক অর্থনীতির নাজুক পরিস্থিতির কারণে রাজস্ব আয় হ্রাস পেয়েছে।

উপসংহার

সিলেট সিটি কর্পোরেশনের কৌশলগত লক্ষ্য হলো ২০৩০ সালের মধ্যে প্রতিটি নাগরিকের জন্য নিরাপদ ও সমতাভিত্তিক সুপেয় পানি নিশ্চিত করা এবং আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা ও বায়ুদূষণ রোধের মাধ্যমে পরিবেশের উন্নয়ন ও প্রশস্ত সড়ক এবং আধুনিক সড়কবাতি স্থাপনের মাধ্যমে একটি স্মার্ট ও বাসযোগ্য নগরী গড়ে তোলা। এই লক্ষ্য সরকারের সার্বিক ভিশন, ব্যবসা-বান্ধব পরিবেশ সৃষ্টির প্রয়াস এবং টেকসই উন্নয়ন অভীষ্ট—বিশেষত নিরাপদ পানি ও স্যানিটেশন, টেকসই নগর ও জনপদ ও কার্যকর প্রতিষ্ঠান অর্জনের সঙ্গে সংগতিপূর্ণ। নাগরিক সেবার মান উন্নয়ন, আর্থিক সক্ষমতা বৃদ্ধি ও সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে কর্পোরেশন এই লক্ষ্য অর্জনে অঙ্গীকারবদ্ধ।

# সংযোজনী-০১ (শব্দ সংক্ষেপ)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আর.সি.সি. | রেইনফোর্সড সিমেন্ট কনক্রিট |
| ২ | এডিপি | এনুয়াল ডেভলপমেন্ট প্রোগ্রাম |
| ৩ | এলজিইডি | লোকাল গভার্নমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ৪ | এলজিডি | লোকাল গভার্নমেন্ট ডিভিশন |
| ৫ | এসটিএস | সেকেন্ডারী ট্রান্সফার স্টেশন |
| ৬ | এসসিসি | সিলেট সিটি কর্পোরেশন |
| ৭ | কিঃমিঃ | কিলোমিটার |
| ৮ | বি ডি আর আই এস | বার্থ এন্ড ডেথ রেজিস্ট্রেশন ইনফরমেশন সিস্টেম |
| ৯ | বি.সি | বিটুমিনার্স কার্পেটিং |
| ১০ | সি.সি. | সিমেন্ট কনক্রিট |
| ১১ | এল জি সি আর আর পি | লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকোভারী প্রজেক্ট |

# সংযোজনী-০২ (বিস্তারিত পরিকল্পনা)

| ক্রমিক নং | পরিকল্পনা | বিস্তারিত পরিকল্পনা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৬-২৭) | ২য় বছর (২০২৭-২৮) | ৩য় বছর (২০২৮-২৯) |
| ০১ | প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি এবং কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদান | সিসিক এর মাধ্যমে ১০ জন জনপ্রতিনিধি এবং ৩০ জন কর্মকর্তা/ কর্মচারীগণ সহ মোট ৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। | সিসিক এর মাধ্যমে ১৫ জন জনপ্রতিনিধি এবং ৩৫ জন কর্মকর্তা/ কর্মচারীগণ সহ মোট ৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। | সিসিক এর মাধ্যমে ২০ জন জনপ্রতিনিধি এবং ৪০ জন কর্মকর্তা/ কর্মচারীগণ সহ মোট ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। |
| ০২ | নাগরিক সেবা প্রদান | নাগরিক সেবা প্রদানের লক্ষ্যে নগর এলাকায় নতুন ৫০০টি পানির সংযোগ বৃদ্ধি করা হবে | নাগরিক সেবা প্রদানের লক্ষ্যে নগর এলাকায় নতুন ৬০০ টি পানির সংযোগ বৃদ্ধি করা হবে | নাগরিক সেবা প্রদানের লক্ষ্যে নগর এলাকায় নতুন ৭০০ টি পানির সংযোগ বৃদ্ধি করা হবে |
| ০৩ | জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিতকরণ | জন্মের ০১(এক) বছরের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন ৫০% এবং মৃত্যু নিবন্ধন ৪০% নিশ্চিত করা হবে | জন্মের ০১(এক) বছরের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন ৫৫% এবং মৃত্যু নিবন্ধন ৪৫% নিশ্চিত করা হবে | জন্মের ০১(এক) বছরের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন ৬০% মৃত্যু নিবন্ধন ৫০% নিশ্চিত করা হবে |
| ০৪ | সেবা সহজীকরণ | অনলাইনে হোল্ডিং ট্যাক্স এর আবেদন প্রক্রিয়া সম্পন্ন করন এর কার্যক্রম নিশ্চিত করা হবে | অনলাইনে হোল্ডিং ট্যাক্স এর বিল প্রদান এর কার্যক্রম নিশ্চিত করা হবে | যাবতীয় হোল্ডিং ট্যাক্স কার্যক্রম অনলাইনে প্রদান নিশ্চিত করা হবে |
| ০৫ | নগর এলাকায় দৈনিক বর্জ্য সংগ্রহ | বছরে ৩০০মেট্রিক টন বর্জ্য সংগ্রহ করা হবে | বছরে ৩১০ মেট্রিক টন বর্জ্য সংগ্রহ করা হবে | বছরে ৩২০ মেট্রিক টন বর্জ্য সংগ্রহ |
| ০৬ | প্রাথমিক স্বাস্থ্য সেবা সহজীকরণ | প্রাথমিক স্বাস্থ্য সেবার আওতায় ১২০০০ জন কে সেবা প্রদান করা হবে। | প্রাথমিক স্বাস্থ্য সেবার আওতায় ১৩০০০ জন কে সেবা প্রদান করা হবে। | প্রাথমিক স্বাস্থ্য সেবার আওতায় ১৫০০০ জন কে সেবা প্রদান করা হবে। |
| ০৭ | সিলেট সিটি কর্পোরেশনের অঞ্চলসমূহকে ৫টি জোনে বিভক্ত করার প্রজ্ঞাপন বাস্তবায়ন | জোন বিভক্তির প্রশাসনিক প্রজ্ঞাপন ও গেজেট সম্পন্নকরণের কাজ বাস্তবায়ন করা হবে | জোনাল অফিসের অবকাঠামো স্থান নির্ধারণ এবং জনবল কাঠামো বিন্যাস ও পদায়ন এর কার্যক্রম সম্পন্ন করা হবে | জোনাল অফিস থেকে নাগরিক সেবা প্রদান ও কার্যক্রম শুরু করা হবে |
| ০৮ | পানির গুণগত মান পরিবীক্ষণ | ৩০টি নমুনা সংগ্রহ করে পরীক্ষা করা হবে | ৪০টি নমুনা সংগ্রহ করে পরীক্ষা করা হবে | ৫০টি নমুনা সংগ্রহ করে পরীক্ষা করা হবে |
| ০৯ | মহানগরীতে ভিটামিন-এ প্লাস টীকা প্রদানের সংখ্যা | সিটি কর্পোরেশন এলাকায় ওয়ার্ড ভিত্তিক ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন এর মাধ্যেমে ৬০০০০টি শিশুকে ভিটামিন এ প্লাস টীকা প্রদান করা হবে। | সিটি কর্পোরেশন এলাকায় ওয়ার্ড ভিত্তিক ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন এর মাধ্যেমে ৭০০০০টি শিশুকে ভিটামিন এ প্লাস টীকা প্রদান করা হবে। | সিটি কর্পোরেশন এলাকায় ওয়ার্ড ভিত্তিক ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন এর মাধ্যেমে ৮০০০০টি শিশুকে ভিটামিন এ প্লাস টীকা প্রদান করা হবে। |

সংযোজনী-০২ (বিস্তারিত পরিকল্পনা)

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | জনগণের অভিযোগ গ্রহণ ও দ্রুততম সময়ে প্রতিকার | অভিযোগ প্রতিকার বাস্তবায়নের লক্ষ্যে জনগণের অভিযোগ গ্রহণ ও দ্রুততম সময়ে মধ্যে ১০০% অভিযোগ নিস্পত্তি করা | অভিযোগ প্রতিকার বাস্তবায়নের লক্ষ্যে জনগণের অভিযোগ গ্রহণ ও দ্রুততম সময়ে মধ্যে ১০০% অভিযোগ নিস্পত্তি করা | অভিযোগ প্রতিকার বাস্তবায়নের লক্ষ্যে জনগণের অভিযোগ গ্রহণ ও দ্রুততম সময়ে মধ্যে ১০০% অভিযোগ নিস্পত্তি করা |
| ১১ | যান্ত্রিক শাখার মাধ্যমে ভারী যানবাহন ভাড়া প্রদান করে রাজস্ব আদায় বৃদ্ধিকরণ | রাজস্ব আদায় বৃদ্ধিকরণের লক্ষ্যে যান্ত্রিক শাখার মাধ্যমে নিজস্ব ভারী যানবাহন ভাড়া প্রদান করে ১৫ লক্ষ টাকা রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করা হবে। | রাজস্ব আদায় বৃদ্ধিকরণের লক্ষ্যে যান্ত্রিক শাখার মাধ্যমে নিজস্ব ভারী যানবাহন ভাড়া প্রদান করে ১৮ লক্ষ টাকা রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করা হবে। | রাজস্ব আদায় বৃদ্ধিকরণের লক্ষ্যে যান্ত্রিক শাখার মাধ্যমে নিজস্ব ভারী যানবাহন ভাড়া প্রদান করে ২০ লক্ষ টাকা রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করা হবে। |
| ১২ | নিজস্ব সার্ভারে সিলেট সিটি কর্পোরেশনের যাবতীয় অনলাইন কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ | নিজস্ব সার্ভারে সিলেট সিটি কর্পোরেশনের যাবতীয় অনলাইন কার্যক্রম ৭০% বাস্তবায়ন নিশ্চিত করা হবে | নিজস্ব সার্ভারে সিলেট সিটি কর্পোরেশনের যাবতীয় অনলাইন কার্যক্রম ১০০% বাস্তবায়ন নিশ্চিত করা হবে | নিজস্ব সার্ভারে সিলেট সিটি কর্পোরেশনের যাবতীয় অনলাইন কার্যক্রম ১০০% বাস্তবায়ন নিশ্চিত করা হবে |
| ১৩ | নগর এলাকায় পাঁকা সড়ক নির্মাণ এবং উন্নয়ন | নগর এলাকায় ১০ কি. মি. পাঁকা সড়ক নির্মাণ করা হবে | নগর এলাকায় ২০ কি. মি. পাঁকা সড়ক নির্মাণ করা হবে | নগর এলাকায় ২৫ কি. মি. পাঁকা সড়ক নির্মাণ করা হবে |
| ১৪ | নগর এলাকায় সড়ক রক্ষণাবেক্ষণ | নগর এলাকায় ২০ কি. মি. সড়ক সংস্কার ও রক্ষণাবেক্ষণ করা হবে | নগর এলাকায় ২৫ কি. মি. সড়ক সংস্কার ও রক্ষণাবেক্ষণ করা হবে | নগর এলাকায় ৩০ কি. মি. সড়ক সংস্কার ও রক্ষণাবেক্ষণ করা হবে |
| ১৫ | সড়কে ব্রিজ কালভার্ট নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ | সড়কে ব্রিজ কালভার্ট নির্মাণ ও রক্ষণাবেক্ষণ এর আওতায় ৪টি ব্রিজ কালভার্ট নির্মাণ অথবা রক্ষণাবেক্ষণ করা হবে | সড়কে ব্রিজ কালভার্ট নির্মাণ ও রক্ষণাবেক্ষণ এর আওতায় ৬টি ব্রিজ কালভার্ট নির্মাণ অথবা রক্ষণাবেক্ষণ করা হবে | সড়কে ব্রিজ কালভার্ট নির্মাণ ও রক্ষণাবেক্ষণ এর আওতায় ৮টি ব্রিজ কালভার্ট নির্মাণ অথবা রক্ষণাবেক্ষণ করা হবে |
| ১৬ | নগর এলাকায় ড্রেন নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ | নগর এলাকায় ১৫ কি. মি. ড্রেন নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ করা হবে | নগর এলাকায় ২০ কি. মি. ড্রেন নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ করা হবে | নগর এলাকায় ২৫ কি. মি. ড্রেন নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ করা হবে |
| ১৭ | কবরস্থান/শশ্মানঘাট ব্যবস্থাপনা সংস্কার এবং রক্ষণাবেক্ষণ | কবরস্থান/শশ্মানঘাট ব্যবস্থাপনা সংস্কার এবং রক্ষণাবেক্ষণ এর আওতায় ২টি কবরস্থান/শশ্মানঘাট সংস্কার এবং রক্ষণাবেক্ষণ করা হবে | কবরস্থান/শশ্মানঘাট ব্যবস্থাপনা সংস্কার এবং রক্ষণাবেক্ষণ এর আওতায় ২টি কবরস্থান/শশ্মানঘাট সংস্কার এবং রক্ষণাবেক্ষণ করা হবে | কবরস্থান/শশ্মানঘাট ব্যবস্থাপনা সংস্কার এবং রক্ষণাবেক্ষণ এর আওতায় ৩টি কবরস্থান/শশ্মানঘাট সংস্কার এবং রক্ষণাবেক্ষণ করা হবে |
| ১৮ | সড়কবাতি স্থাপন | নগরীতে গুরুত্বপূর্ণ সড়কে নতুন ৫০০টি সড়ক বাতি স্থাপন করা হবে | নগরীতে গুরুত্বপূর্ণ সড়কে নতুন ১০০০টি সড়ক বাতি স্থাপন করা হবে | নগরীতে গুরুত্বপূর্ণ সড়কে নতুন ১৫০০টি সড়ক বাতি স্থাপন করা হবে |
| ১৯ | সড়কবাতি রক্ষণাবেক্ষণ | নগরীর সড়কে স্থাপনকৃত ১০০০০টি সড়কবাতি রক্ষণাবেক্ষণ করা হবে | নগরীর সড়কে স্থাপনকৃত ১২০০০টি সড়কবাতি রক্ষণাবেক্ষণ করা হবে | সড়কবাতি রক্ষণাবেক্ষণ করা হবে ১৫০০০টি সড়কবাতি রক্ষণাবেক্ষণ করা হবে |

সংযোজনী-০২ (বিস্তারিত পরিকল্পনা)

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | গভীর নলকূপ স্থাপন | নগরীর গুরুত্বপূর্ণ স্থানে ১টি গভীর নলকূপ স্থাপন করা হবে | নগরীর গুরুত্বপূর্ণ স্থানে ২টি গভীর নলকূপ স্থাপন করা হবে | নগরীর গুরুত্বপূর্ণ স্থানে ২টি গভীর নলকূপ স্থাপন করা হবে |
| ২১ | পানি সরবরাহের জন্য পাইপ লাইন স্থাপন | পানি সরবরাহের জন্য নগরীতে ৩০ কি.মি. পানির পাইপ লাইন স্থাপন করা হবে | পানি সরবরাহের জন্য নগরীতে ৩০ কি.মি. পানির পাইপ লাইন স্থাপন করা হবে | পানি সরবরাহের জন্য নগরীতে ৪০ কি.মি. পানির পাইপ লাইন স্থাপন করা হবে |
| ২২ | মশক নিধন কার্যক্রম | নগরীতে মশার বংশ বিস্তার রোধে ২৪০ কর্ম দিবস মশক নিধন কার্যক্রম পরিচালনা করা হবে | নগরীতে মশার বংশ বিস্তার রোধে ২৫০ কর্ম দিবস মশক নিধন কার্যক্রম পরিচালনা করা হবে | নগরীতে মশার বংশ বিস্তার রোধে ২৫০ কর্ম দিবস মশক নিধন কার্যক্রম পরিচালনা করা হবে |
| ২৩ | অবৈধ স্থাপনার বিরুদ্ধে উচ্ছেদ অভিযান পরিচালনা | অবৈধ স্থাপনার বিরুদ্ধে ১৫টি উচ্ছেদ অভিযান পরিচালনা করা হবে | অবৈধ স্থাপনার বিরুদ্ধে ২০টি উচ্ছেদ অভিযান পরিচালনা করা হবে | অবৈধ স্থাপনার বিরুদ্ধে ২৪টি উচ্ছেদ অভিযান পরিচালনা করা হবে |
| ২৪ | বস্তি এলাকায় হত দরিদ্র শিশুদের বিনামূল্যে শিক্ষা সামগ্রী বিতরণ ও পাঠদান কার্যক্রম পরিচালনা নিশ্চিতকরণ | বস্তি এলাকায় ১৫০ জন হত দরিদ্র শিশুদের বিনামূল্যে শিক্ষা সামগ্রী বিতরণ ও পাঠদান কার্যক্রম পরিচালনা নিশ্চিতকরণ | বস্তি এলাকায় ১৮০ জন জন হত দরিদ্র শিশুদের বিনামূল্যে শিক্ষা সামগ্রী বিতরণ ও পাঠদান কার্যক্রম পরিচালনা নিশ্চিতকরণ | বস্তি এলাকায় ২০০ জন জন হত দরিদ্র শিশুদের বিনামূল্যে শিক্ষা সামগ্রী বিতরণ ও পাঠদান কার্যক্রম পরিচালনা নিশ্চিতকরণ |
| ২৫ | বস্তি এলাকায় আদর্শ স্যানেটারী ল্যাট্রিন স্থাপন | বস্তি এলাকায় আদর্শ ১০টি স্যানেটারী ল্যাট্রিন স্থাপন করা হবে | বস্তি এলাকায় আদর্শ ১৫টি স্যানেটারী ল্যাট্রিন স্থাপন করা হবে | বস্তি এলাকায় আদর্শ ২০টি স্যানেটারী ল্যাট্রিন স্থাপন করা হবে |
| ২৬ | অনলাইন ভিত্তিক ট্রেড লাইসেন্স প্রদান | অনলাইন ভিত্তিক ২৫০০০টি ট্রেড লাইসেন্স প্রদান করা হবে | অনলাইন ভিত্তিক ২৮০০০টি ট্রেড লাইসেন্স প্রদান করা হবে | অনলাইন ভিত্তিক ৩০০০০টি ট্রেড লাইসেন্স প্রদান করা হবে |

# সংযোজনী-০৩ (কর্মসম্পাদনের প্রমাণক)

| ক্রমিক নং | কার্যক্রম/ ফলাফল নির্দেশক | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|
| ১ | প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি এবং কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদান | প্রশাসনিক শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ২ | নাগরিক সেবা প্রদানের লক্ষ্যে নগর এলাকায় নতুন পানির সংযোগ বৃদ্ধি করা হবে | পানি শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ৩ | জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিতকরণ | স্বাস্থ্য শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ৪ | সেবা সহজীকরণ | আই.টি শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ৫ | নগর এলাকায় বর্জ্য সংগ্রহ | বর্জ্য ব্যবস্থাপনা শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ৬ | প্রাথমিক স্বাস্থ্য সেবা সহজীকরণ | স্বাস্থ্য শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ৭ | সিলেট সিটি কর্পোরেশনের অঞ্চলসমূহকে ৫টি জোনে বিভক্ত করার প্রজ্ঞাপন বাস্তবায়ন | প্রশাসনিক শাখা ও আইন শাখার প্রতিবেদন |
| ৮ | পানির গুণগত মান পরিবীক্ষণ | পানি সরবরাহ শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ৯ | মহানগরীতে ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন | স্বাস্থ্য শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ১০ | জনগণের অভিযোগ গ্রহণ ও দ্রুততম সময়ে প্রতিকার | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অধীনে কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ১১ | যান্ত্রিক শাখার মাধ্যমে ভারী যানবাহন ভাড়া প্রদান করে রাজস্ব আদায় বৃদ্ধিকরণ | পরিবহন শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ১২ | নিজস্ব সার্ভারে সিলেট সিটি কর্পোরেশনের যাবতীয় অনলাইন কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ | আই.টি শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ১৩ | নগর এলাকায় পাঁকা সড়ক নির্মাণ এবং উন্নয়ন | পূর্ত শাখার কাজের বিবরণের তথ্য (ই-জিপি এর মাধ্যমে দরপত্র আহবান পূর্বক কাজ বাস্তবায়ন করা হবে) ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ১৪ | নগর এলাকায় সড়ক রক্ষণাবেক্ষণ | পূর্ত শাখার কাজের বিবরণের তথ্য (ই-জিপি এর মাধ্যমে দরপত্র আহবান পূর্বক কাজ বাস্তবায়ন করা হবে) ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ১৫ | সড়কে ব্রিজ কালভার্ট নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ | পূর্ত শাখার কাজের বিবরণের তথ্য (ই-জিপি এর মাধ্যমে দরপত্র আহবান পূর্বক কাজ বাস্তবায়ন করা হবে) ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ১৬ | নগর এলাকায় ড্রেন নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ | পূর্ত শাখার কাজের বিবরণের তথ্য (ই-জিপি এর মাধ্যমে দরপত্র আহবান পূর্বক কাজ বাস্তবায়ন করা হবে) ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ১৭ | কবরস্থান/শশ্মানঘাট ব্যবস্থাপনা সংস্কার এবং রক্ষণাবেক্ষণ | পূর্ত শাখার কাজের বিবরণের তথ্য (ই-জিপি এর মাধ্যমে দরপত্র আহবান পূর্বক কাজ বাস্তবায়ন করা হবে) ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ১৮ | সড়কবাতি স্থাপন | বিদ্যুৎ শাখার কাজের বিবরণের তথ্য (ই-জিপি এর মাধ্যমে দরপত্র আহবান পূর্বক কাজ বাস্তবায়ন করা হবে) ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |

সংযোজনী-০৩ (কর্মসম্পাদনের প্রমাণক)

| | | |
|---|---|---|
| ১৯ | সড়কবাতি রক্ষণাবেক্ষণ | বিদ্যুৎ শাখার কাজের বিবরণের তথ্য (ই-জিপি এর মাধ্যমে দরপত্র আহবান পূর্বক কাজ বাস্তবায়ন করা হবে) ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ২০ | গভীর নলকূপ স্থাপন | পানি সরবরাহ শাখার কাজের বিবরণের তথ্য (ই-জিপি এর মাধ্যমে দরপত্র আহবান পূর্বক কাজ বাস্তবায়ন করা হবে) ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ২১ | পানি সরবরাহের জন্য পাইপ লাইন স্থাপন | পানি সরবরাহ শাখার কাজের বিবরণের তথ্য (ই-জিপি এর মাধ্যমে দরপত্র আহবান পূর্বক কাজ বাস্তবায়ন করা হবে) ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ২২ | মশক নিধন কার্যক্রম | স্বাস্থ্য শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ২৩ | অবৈধ স্থাপনার বিরুদ্ধে উচ্ছেদ অভিযান পরিচালনা | ম্যাজিস্ট্রেট শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ২৪ | বস্তি এলাকায় হত দরিদ্র শিশুদের বিনামূল্যে শিক্ষা সামগ্রী বিতরণ ও পাঠদান কার্যক্রম পরিচালনা নিশ্চিতকরণ | বস্তি উন্নয়ন শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ২৫ | বস্তি এলাকায় আদর্শ স্যানেটারী ল্যাট্রিন স্থাপন | বস্তি উন্নয়ন শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |
| ২৬ | অনলাইন ভিত্তিক ট্রেড লাইসেন্স প্রদান | লাইসেন্স শাখার কাজের বিবরণের তথ্য ও কর্মসম্পাদন প্রতিবেদন প্রদান। |

# সংযোজনী-০৪
## (অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ)

| ক্রমিক নং | কার্যক্রম/ ফলাফল নির্দেশক | যে সকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ১ | সড়ক রক্ষণাবেক্ষণ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | সড়ক রক্ষণাবেক্ষণ এর জন্য সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন রাস্তার কাজের জন্য সমন্বয় সভা আহবান ও পত্র প্রদান। |
| ২ | পানির গুণগতমান পরীক্ষাকরণ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে পানির গুণগতমান পরীক্ষার জন্য পত্র প্রদান ও সমন্বয় সাধন। |
| ৩ | সড়ক প্রশস্তকরণ | বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য বিপিডিবির পোল স্থানান্তরের জন্য সমন্বয় সভা আহবান ও পত্র প্রদান। |

আমি প্রধান নির্বাহী কর্মকর্তা সিলেট সিটি কর্পোরেশনের মাননীয় প্রশাসকের প্রতিনিধি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে স্থানীয় সরকার বিভাগের সচিব এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে প্রধান নির্বাহী কর্মকর্তা সিলেট সিটি কর্পোরেশন এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনকে সর্বাত্নক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.................................. ........................

প্রধান নির্বাহী কর্মকর্তা তারিখ
সিলেট সিটি কর্পোরেশন

.................................. ........................

সচিব তারিখ
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়